



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

website: www.krishibank.org.bd  
E-mail : dgmonm@krishibank.org.bd

ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

ডিএমডি-১/এমপিডি/পরিপত্র নং-০২/২০১৫

তারিখঃ ২৯-০৩-২০১৫ খ্রিঃ


বিষয় : প্রধান কার্যালয়ের উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং মহাব্যবস্থাপকগণের সদর দপ্তরের বাইরে অবস্থানের ক্ষেত্রে সাময়িক দায়িত্ব অর্পন প্রসংগে।

প্রধান কার্যালয়ের উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং মহাব্যবস্থাপকগণকে বিভিন্ন সময় ব্যাংকের কাজে সদর দপ্তরের বাইরে অবস্থান করতে হয়। আবার কোন কোন সময় তাঁরা জরুরী প্রয়োজনে ছুটিতে গমন করেন। উল্লেখ্য, জনবল কাঠামো-২০১৪ অনুযায়ী প্রধান কার্যালয়ে ৩(তিন) জন উপ-ব্যবস্থাপনা পরিচালক ও ৬(ছয়) জন মহাব্যবস্থাপকের পদ সৃষ্টি করা হয়েছে। সে প্রেক্ষিতে উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং মহাব্যবস্থাপকগণের সদর দপ্তরের বাইরে অবস্থানকালে তাদের দপ্তরের সাময়িক দায়িত্ব কোন কর্তৃপক্ষের উপর অর্পিত হবে এতদসম্পর্কিত ইতোপূর্বে জারীকৃত বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়, সংগঠন ও পদ্ধতি বিভাগের ১৯.০৬.২০০৮ তারিখের ডিএমডি-১/পরিপত্র নং-০১/২০০৮ বাতিল করা হলো।

০২। এমতাবস্থায়, প্রধান কার্যালয়ের উপ-ব্যবস্থাপনা পরিচালকত্রয়ের মধ্যে যে কোন এক বা দুইজন ভ্রমণ/ছুটিতে থাকলে উপস্থিত জ্যেষ্ঠতম উপ-ব্যবস্থাপনা পরিচালক তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত অপর উপ-ব্যবস্থাপনা পরিচালকের রুটিন দায়িত্ব পালন করবেন। তিনজন উপ-ব্যবস্থাপনা পরিচালকই ভ্রমণ/ছুটিতে থাকলে উপস্থিত মহাব্যবস্থাপকগণের জ্যেষ্ঠতার ক্রমানুসারে উপ-ব্যবস্থাপনা পরিচালকত্রয়ের রুটিন দায়িত্ব পালন করবেন। মহাব্যবস্থাপকগণের মধ্যে থেকে এক বা একাধিক মহাব্যবস্থাপক ভ্রমণ/ছুটিতে থাকলে উপস্থিত মহাব্যবস্থাপকগণের জ্যেষ্ঠতার ক্রমানুসারে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত অপর মহাব্যবস্থাপকের রুটিন দায়িত্ব পালন করবেন। প্রসংগত উল্লেখ্য, মহাব্যবস্থাপকগণের ভ্রমণসূচি/ছুটি মঞ্জুরকালে যে কোন একজন মহাব্যবস্থাপক এর কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

  
(ড. মোঃ জালাল উদ্দিন)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক  
ফোন-৯৫৬০৭৩৬

নং-প্রকা/এমপিডি-৬৮(অংশ-২)/২০১৪-২০১৫/২২০(১২০৩)

তারিখঃ ২৯-০৩-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি অপারেশন বিভাগকে অনুরোধ করা হলো।
- ৬। অধ্যক্ষ (উপ-মহাব্যবস্থাপক), বিকেবি রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।

  
২৯.০৬.২০১৫  
(মোঃ আব্দুল লতিফ)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৫১৬৫৫